গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, কুড়িগ্রাম
(রাজস্ব শাখা)
www.kurigram.gov.bd

বিষয়: নভেম্বর ২০২৪ মাসে অনুষ্ঠিত “সমগ্র দেশে শহর ও ইউনিয়ন ভূমি অফিস নির্মাণ প্রকল্প” এর আওতায় ইউনিয়ন ভূমি অফিস নির্মাণ কাজের জেলা মনিটরিং কমিটির সভার কার্যবিবরণী।

| | | |
|---|---|---|
| সভাপতি | : | উত্তম কুমার রায়<br>জেলা প্রশাসক (রুটিন দায়িত্ব),কুড়িগ্রাম। |
| সভার তারিখ | : | ২৪ নভেম্বর, ২০২৪ খ্রি.। |
| সভার সময় | : | সকাল ১১.০০ টা। |
| সভার স্থান | : | সম্মেলনকক্ষ, জেলা প্রশাসকের কার্যালয়, কুড়িগ্রাম। |
| বিবেচ্য মাস | : | অক্টোবর ২০২৪ |
| উপস্থিতি | : | পরিশিষ্ট ‘ক’। |

সভায় উপস্থিত সদস্যগণের নামের তালিকা : পরিশিষ্ট ‘ক’ দ্রষ্টব্য।

সভায় উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। বিগত সভার সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি এবং ২৭/১০/২০২৪ তারিখ অনুষ্ঠিত সভায় গৃহীত সিদ্ধান্তসমূহ বাস্তবায়নের অগ্রগতি বিষয়ে পর্যালোচনা করা হয়। অত:পর এ মাসের আলোচ্যসূচি মোতাবেক ধারাবাহিকভাবে নিম্নোক্ত বিষয়সমূহের উপর বিস্তারিত আলোচনা অনুষ্ঠিত হয় এবং সর্বসম্মতিক্রমে সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

| ক্রঃনং | বিষয় ও আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| ১ | **গত সভার কার্যবিবরণী দৃঢ়ীকরণ:**<br>সভার প্রারম্ভে ২২/০৯/২০২৪ তারিখ অনুষ্ঠিত সভার কার্যবিবরণী পাঠ করে শুনানো হয়। উপস্থিত সদস্যবৃন্দ গত সভার কার্যবিবরণী যথাযথভাবে লিপিবদ্ধ হয়েছে এবং কোন সংযোজন, বিয়োজন বা সংশোধনের প্রস্তাব নেই মর্মে অবহিত করেন। | কার্যবিবরণীতে কোন সংযোজন, বিয়োজন বা সংশোধনের প্রস্তাব না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়। | ১। অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), কুড়িগ্রাম।<br>২। উপজেলা নির্বাহী অফিসার(সকল), কুড়িগ্রাম।<br>৩। সহকারী কমিশনার (ভূমি)(সকল), কুড়িগ্রাম। |
| ২ | **উপজেলা ভূমি অফিস, ইউনিয়ন ভূমি অফিস ভবন মেরামত/ সংস্কার সংক্রান্ত:**<br>অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), কুড়িগ্রাম ২০২৪-২০২৫ অর্থবছরে উপজেলা ভূমি অফিস, পৌর ও ইউনিয়ন ভূমি অফিস পুন: নির্মাণ/মেরামত/সংস্কার করার বিষয়ে সভায় অবহিত করেন চলতি ২০২৪-২০২৫ অর্থবছরে বর্ণিত খাতে ভূমি মন্ত্রণালয় হতে কোন বরাদ্দ পাওয়া যায়নি।<br>২০২৩-২০২০৪ অর্থবছরের প্রাপ্ত বরাদ্দের প্রেক্ষিতে মেরামত ও সংরক্ষণ কাজ শর্ত যথাযথভাবে প্রতিপালন ও মানসম্মতভাবে সম্পন্ন হয়েছে কি না তা যাচাই/সরেজমিন পরিদর্শনপূর্বক উপজেলা নির্বাহী অফিসার (সকল), কুড়িগ্রাম ও সহকারী কমিশনার (ভূমি)(সকল) কুড়িগ্রামকে বিস্তারিত প্রতিবেদন দাখিল করার জন্য অনুরোধ করা হলো।<br>২০২৪-২০২৫ অর্থবছরে কুড়িগ্রাম জেলার মেরামত/ সংস্কারযোগ্য উপজেলা ভূমি অফিস/পৌর ভূমি অফিস /ইউনিয়ন ভূমি অফিস এর সংখ্যা ও প্রকৃত চাহিদা শুধুমাত্র কুড়িগ্রাম সদর, রাজারহাট, উলিপুর ও চিলমারী হতে এ কার্যালয়ে পাওয়া গেছে। আগামী রাজস্ব সভার পূবেই চাহিত তথ্য প্রেরণের জন্য সংশ্লিষ্ট সহকারী কমিশনার (ভূমি), কুড়িগ্রামকে অনুরোধ করা হলো। | (১) ২০২৩-২০২৪ অর্থবছরে মেরামত/ সংস্কারযোগ্য উপজেলা ভূমি অফিস/ পৌর ভূমি অফিস /ইউনিয়ন ভূমি অফিস এর ভবন মেরামত ও সংস্কারের নিমিত্ত প্রাপ্ত বরাদ্দ দ্বারা আর্থিক বিধি বিধান যথাযথভাবে অনুসরণ করা হয়েছে কি না তা পর্যালোচনা এবং মেরামত/ সংস্কার এর ঠিকাদার কর্তৃক দাখিলকৃত বিল নিরীক্ষান্তে প্রদান করতে হবে।<br>(২) ২০২৪-২০২৫ অর্থবছরে কুড়িগ্রাম জেলার মেরামত/ সংস্কারযোগ্য উপজেলা ভূমি অফিস/ পৌর ভূমি অফিস /ইউনিয়ন ভূমি অফিস এর সংখ্যা ও প্রকৃত চাহিদা আগামী রাজস্ব সভার পূর্বেই এ কার্যালয়ে প্রেরণ করতে হবে। | ১। অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), কুড়িগ্রাম<br>২। উপজেলা নির্বাহী অফিসার (সকল), কুড়িগ্রাম।<br>৩। সহকারী কমিশনার (ভূমি)(সকল), কুড়িগ্রাম। |

| ক্রঃ নং | বিষয় ও আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| ৩ | **জেলা ও উপজেলা মনিটরিং কমিটির সভা:**<br>কুড়িগ্রাম জেলায় নির্মিত উপজেলা ভূমি অফিস, পৌর ভূমি অফিস এবং ইউনিয়ন ভূমি অফিস নির্মাণ কাজের গুণগতমান নিশ্চিতকল্পে নির্মাণ কাজের তদারকি করার জন্য সমগ্র দেশে শহর ও ইউনিয়ন ভূমি অফিস নির্মাণ কাজের প্রকল্প পরিচালকের দপ্তর, ভূমি মন্ত্রণালয়, ঢাকার ২৯/০৮/২০১৮ তারিখের- ৩১.০০.০০০০.০৯০.১৪.০১৪. ১৭ ৪৯৯ নং স্মারক মোতাবেক ইতোপূর্বে জেলা ও উপজেলা মনিটরিং কমিটি গঠন করা হয় মর্মে অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), কুড়িগ্রাম সভায় অবহিত করেন। জেলা ও উপজেলা মনিটরিং কমিটির সভা প্রতিমাসে নিয়মিত করার নির্দেশনাও প্রদান করা হয়েছে।<br>নির্মাণ কাজের গুণগত মান নিশ্চিতকরণের নিমিত্ত জেলা ও উপজেলা মনিটরিং কমিটির সদস্যগণকে নিয়মিত পরিদর্শন এবং প্রতিমাসে নির্মাণ কাজের অগ্রগতি বিষয়ে সভা করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হয়। | প্রত্যেকটি উপজেলা ভূমি অফিস/ পৌর ভূমি অফিস, ইউনিয়ন ভূমি অফিসের নির্মাণ/মেরামত/ সংস্কার কাজ জেলা ও উপজেলা মনিটরিং কমিটির সদস্যগণকে নিয়মিত পরিদর্শন করতে হবে এবং প্রতিমাসে নির্মাণ কাজের অগ্রগতি বিষয়ে সভা করে কার্যবিবরণী ভূমি মন্ত্রণালয়, ঢাকা এবং জেলা প্রশাসকের কার্যালয়, কুড়িগ্রাম এ প্রেরণ করতে হবে। | ১। অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), কুড়িগ্রাম।<br>২। উপজেলা নির্বাহী অফিসার(সকল), কুড়িগ্রাম।<br>৩। সহকারী কমিশনার (ভূমি)(সকল), কুড়িগ্রাম। |

সভায় উপস্থিত সকল সদস্যগণের উপর্যুক্ত মতামত ও আলোচনার প্রেক্ষিতে নিম্নরুপ সিদ্ধান্ত গৃহীত হলো:

| ক্রম | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|
| (১) | প্রত্যেকটি ইউনিয়ন ভূমি অফিসের নির্মাণ কাজ জেলা ও উপজেলা মনিটরিং কমিটির সদস্যগণকে নিয়মিত পরিদর্শন করতে হবে এবং প্রতিমাসে নির্মাণ কাজের অগ্রগতি বিষয়ে সভা করে সভার কার্যবিবরণী ভূমি মন্ত্রণালয়, ঢাকা এবং জেলা প্রশাসকের কার্যালয়,কুড়িগ্রাম এ প্রেরণ | ১।অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), কুড়িগ্রাম।<br>২। উপজেলা নির্বাহী অফিসার (সকল),কুড়িগ্রাম।<br>৩। রেভিনিউ ডেপুটি কালেক্টর, কুড়িগ্রাম।<br>৪। সহকারী কমিশনার (ভূমি)(সকল),কুড়িগ্রাম। |
| (২) | আগামী রাজস্ব সভার পূর্বেই ২০২৪-২০২৫ অর্থবছরে মেরামত/ সংস্কারযোগ্য উপজেলা ভূমি অফিস/পৌর ভূমি অফিস /ইউনিয়ন ভূমি অফিস এর সংখ্যা ও প্রকৃত চাহিদা ও কার্যালয়ে প্রেরণ করতে হবে। | ১। সংশ্লিষ্ট সহকারী কমিশনার (ভূমি) (সকল), কুড়িগ্রাম। |

পরিশেষে আর কোন আলোচ্য বিষয় না থাকায় মাঠ পর্যায়ের ভূমি ব্যবস্থাপনা কার্যক্রম গতিশীল ও জনবান্ধব করার জন্য সর্বাধিক গুরুত্ব আরোপ করে সভায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

স্বাক্ষরিত/-
(উত্তম কুমার রায়)
জেলা প্রশাসক (রুটিন দায়িত্ব)
কুড়িগ্রাম
ও
সভাপতি
"সমগ্র দেশে শহর ও ইউনিয়ন ভূমি অফিস নির্মাণ প্রকল্প"
এর আওতায় ইউনিয়ন ভূমি অফিস নির্মাণ কাজের
জেলা মনিটরিং কমিটি।

স্মারক নম্বর-৩১.৪৭.৪৯০০.০০৬.০৫.০২২.১৮.১৩৭২(২৬) তারিখ : ১৩ অগ্রহায়ণ, ১৪৩১
২৮ নভেম্বর, ২০২৪

অনুলিপি সদয় অবগতি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)/অবগতি ও কার্যার্থে (প্রযোজ্য ক্ষেত্রে):

১। সিনিয়র সচিব, ভূমি মন্ত্রণালয়, ঢাকা।
২। সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, ঢাকা।
৩। চেয়ারম্যান, ভূমি সংস্কার বোর্ড, ঢাকা।
৪। বিভাগীয় কমিশনার, রংপুর বিভাগ, রংপুর।
৫। নির্বাহী প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, কুড়িগ্রাম।
৬। অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), কুড়িগ্রাম।
৭। উপজেলা নির্বাহী অফিসার,................................,(সকল), কুড়িগ্রাম।
৮। সহকারী কমিশনার (ভূমি),................................,(সকল)কুড়িগ্রাম।
৯। সহকারী কমিশনার (আইসিটি), জেলা প্রশাসকের কার্যালয়, কুড়িগ্রাম (কার্যবিবরণীটি জেলা ওয়েব পোর্টালে প্রকাশের অনুরোধসহ)।
১০। অফিস কপি ।

২৮/১১/২৪

(মোঃ বদরুজ্জামান রিশাদ)
রেভিনিউ ডেপুটি কালেক্টর
কুড়িগ্রাম